(৫০০৮০)
তারবার্তাঃ
বাংলোব্যাংক
দুরালাপনী ঃ৯৫৫৫০০০-১৯

# বাংলাদেশ ব্যাংক
## প্রধান কার্যালয়

ডাকবাক্স নং-৩২৫
ঢাকা

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

সূত্র নং-বিআরপিডি(পি)৭৪৪(৪৩)/৯৯-১৯০৩

তারিখ ঃ ১৫/৭/৯৯ ইং

ব্যবস্থাপনা পরিচালক,
দি ট্রাষ্ট ব্যাংক লিঃ,
সেনা বাহিনী সদর দপ্তর,
এ্যাডজুটেন্ট জেনারেল শাখা,
কল্যান ও পুনর্বাসন পরিদপ্তর,
ঢাকা সেনানিবাস,
ঢাকা ।

প্রিয় মহোদয়,

**"দি ট্রাষ্ট ব্যাংক লিঃ" এর অনুকূলে ব্যাংকিং লাইসেন্স প্রদান প্রসংগে ।**

উপরোক্ত বিষয়ে আপনাদের ২১-৬-৯৯ ইং তারিখের আবেদন পত্রের প্রেক্ষিতে বাংলাদেশে ব্যাংক ব্যবসা পরিচালনার নিমিত্তে নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে লাইসেন্স প্রদান করা হ'ল ঃ-

১। মূল লাইসেন্স অথবা এর সত্যায়িত কপি প্রধান কার্যালয়ে সর্বসাধারনের অবলোকনের জন্য সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে স্থাপন করতে হবে ।

২। ব্যাংকিং কার্যক্রম শুরু করার ০৭ (সাত) দিনের মধ্যে উক্ত তারিখ উল্লেখপূর্বক ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, ব্যাংক পরিচালনা ও উন্নয়ন বিভাগ,ব্যাংক পরিদর্শন বিভাগ,বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ,বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ, মুদ্রা ব্যবস্থাপনা ও হিসাব বিভাগ, আন্তর্জাতিক বিভাগ, বাংলাদেশ ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা এবং বাংলাদেশ ব্যাংক,মতিঝিল,ঢাকাকে অবহিত করতে হবে ।

৩। এ লাইসেন্স কেবলমাত্র ব্যাংকিং ব্যবসা পরিচালনার পূর্বে অফিস খোলার জন্য দেয়া হ'ল । ব্যাংকিং ব্যবসা পরিচালনার জন্য ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৩২ ধারার আওতায় পৃথকভাবে লাইসেন্সের জন্য আবেদন করতে হবে ।

৪। নতুন শাখা খোলার প্রস্তাব পরিচালনা পর্ষদের অনুমোদনসহ অত্র বিভাগের অনুমতির জন্য নির্ধারিত ছকে আবেদন আকারে পেশ করতে হবে ।

(চলমান পাতা-২)

লিখ

TRUST BANK LIMITED
HEAD OFFICE
DHAKA
INTERNATIONAL DIVISION

৫। পরিচালকদের অনুকূলে ঋণ সুবিধা প্রদানের ক্ষেত্রে ব্যাংক কোম্পানী আইন,১৯৯১ এ আরোপিত বিধিনিষেধ এবং সময় সময় এতদ্‌সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত নির্দেশাবলী কঠোরভাবে অনুসরন করতে হবে ।

৬। ব্যাংকের কোন পরিচালক/উদ্যোক্তা খেলাপী ঋণ গ্রহীতা হিসাবে বাংলাদেশ ব্যাংকের গোচরীভূত হলে পরিচালক/উদ্যোক্তাদের তালিকা তদনুযায়ী সংশোধনপূর্বক প্রয়োজনী পদক্ষেপ গ্রহণ করতে হবে ।

৭। ব্যাংকিং কার্যক্রম শুরু করার তারিখ হতে ০৪ (চার) বছরের মধ্যে অবশ্যই পাবলিক শেয়ার ইস্যু করতে হবে ।

৮। ব্যাংক কোম্পানী হিসাবে ব্যবসা করার জন্য বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ ও ব্যাংক কোম্পানী আইন,১৯৯১ এর বিধান অনুযায়ী বিধিবদ্ধ নগদ সংরক্ষন (সি আর আর), সহজে বিনিময়যোগ্য সম্পদ সংরক্ষন (এস এল আর) সহ অন্যান্য বিধিবিধান পরিপালন করতে হবে ।

৯। ব্যাংক কোম্পানী আইন,১৯৯১ এর সকল আবশ্যকতা,বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ এর সংশ্লিষ্ট বিধানসমূহ এবং এসকল আইনের আওতায় সময় সময় যে সকল নির্দেশ জারী করা হবে তা ব্যাংকের ক্ষেত্রে প্রযোজ্য হবে ।

আপনার বিশ্বস্ত,

(মোঃ ইয়াছিন আলী)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৫০২৬২

TRUST BANK LIMITED
HEAD OFFICE
DHAKA
INTERNATIONAL DIVISION